



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭.৩২১

তারিখ: ২ আষাঢ় ১৪২৬

১৬ জুন ২০১৯

বিষয়: **সড়ক পথে মোট ২১৯৩ মে.টন বোরো'১৯ আতপ চালের চলাচল সূচি।**

সূত্র: আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী এর ১৩/০৬/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.২২৫.৪০.০০১.১৯-২৮১০ নং

স্মারক।

উপর্যুক্ত বিষয়ে প্রেক্ষিতে জানানো যাচ্ছে, রাজশাহী বিভাগে বোরো'১৯ সংগ্রহ কার্যক্রম সফল করার লক্ষ্যে গুদামে খালি জায়গা সৃষ্টির সদ্য সংগৃহীত বোরো'১৯ আতপ চাল বিভাগের বাহিরে সরানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সূত্রস্থ স্মারকে অনুরোধ করা হয়েছে। এক্ষণে চট্টগ্রাম বিভাগের দেওয়ানহাট সিএসডি'র বর্তমান চালের মজুত বিবেচনায় এবং আপত্তিকালীন মজুত গড়ে তোলার লক্ষ্যে রাজশাহী বিভাগের বিভিন্ন এলএসডি/সিএসডি হতে মোট ২১৯৩ মে.টন বোরো'১৯ আতপ চালের চলাচল সূচি নির্দেশক্রমে জারি করা হলোঃ


সড়ক পথে আতপ চালের চলাচল সূচি:

ক্র. নং	প্রেরক জেলা	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র		পরিমাণ (মে.টন)	পণ্য	মাধ্যম	মন্তব্য	
১.	চাঁপাইনবাবগ় জেলা	রহনপুর	এলএসডি	চট্টগ্রাম	দেওয়ানহাট	সিএসডি	২৬৯	বোরো'১৯ আতপ চাল	সড়ক	চসমা বিভাগ উপ-সূচি জারি করবেন।
২.	ঐ	চাঁপাইনবাবগ় জেলা	"	ঐ	ঐ	"	৩৫৪	ঐ	ঐ	ঐ
৩.	নওগাঁ	আত্রাই	"	ঐ	ঐ	"	১৭৭	ঐ	ঐ	ঐ
৪.	জয়পুরহাট	জয়পুরহাট	"	ঐ	ঐ	"	৮৪	ঐ	ঐ	ঐ
৫.	পাবনা	মূলাডুলি	সিএসডি	ঐ	ঐ	"	১৯৯	ঐ	ঐ	ঐ
৬.	ঐ	পাবনা	এলএসডি	ঐ	ঐ	"	৬০	ঐ	ঐ	ঐ
৭.	বগুড়া	কাহালু	"	ঐ	ঐ	"	২০০	ঐ	ঐ	ঐ
৮.	ঐ	বগুড়া	"	ঐ	ঐ	"	৩০০	ঐ	ঐ	ঐ
৯.	ঐ	জামুরহাট	"	ঐ	ঐ	"	১৭২	ঐ	ঐ	ঐ
১০.	ঐ	ধুনট	"	ঐ	ঐ	"	৬০	ঐ	ঐ	ঐ
১১.	ঐ	গোসাইবাড়ী	"	ঐ	ঐ	"	৬০	ঐ	ঐ	ঐ
১২.	রাজশাহী	নওহাটা	"	ঐ	ঐ	"	১৩৫	ঐ	ঐ	ঐ
১৩.	ঐ	ভুবনীগঞ্জ	"	ঐ	ঐ	"	১২৩	ঐ	ঐ	ঐ
						মোট=	২১৯৩			

পরিবহণের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনাবলি পালনীয়ঃ-

- ১। সংগৃহীত বোরো' ২০১৯ সিঙ্গ চালের খামাল গঠন হওয়ার পর তদারককারী কর্মকর্তা কর্তৃক এলএসডি'র মজুত যাচাই ও কারিগরি খাদ্য পরিদর্শক কর্তৃক খামাল সার্ভেপূর্বক বিনির্দেশ সম্পর্ক বিশ্লেষণ প্রতিবেদন জারির পর পর্যায়ক্রমে সূচি জারি করতে হবে। এতদবিষয়ে, 'খাদ্যশস্য প্রেরণ-প্রাপ্তিকালে করণীয় নির্দেশনা' সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর মহোদয় স্বাক্ষরিত ১১/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১ নং প্রজ্ঞাপন এবং 'এলএসডি'র/সিএসডি'র সর্বোচ্চ ধারণ ক্ষমতা ব্যবহার সম্পর্কিত নির্দেশনা' বিষয়ক ১১/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-২৬৫ নং পরিপত্র কঠোরভাবে অনুসরণ করতে হবে। এছাড়া ০৯/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৭.০০২.০৯.৯৯৮ নং স্মারকে অভ্যন্তরীণ খাদ্যশস্য নীতিমালা, ২০১৭ এর ১৩(গ) অনুচ্ছেদ এবং খাদ্য অধিদপ্তরের উল্লিখিত স্মারকে নির্দেশনা অনুযায়ী সকল খাদ্য গুদামে চুক্তিবদ্ধ মিলারকর্তৃক সরবরাহতব্য চালের বস্তার অপর গীঠে ডিজিটাল স্টেম্পিলের স্পষ্ট ছাপ দেওয়ার জন্য অনুসরণ করতে হবে।
- ২। সূচির বিগরীতে প্রেরিতব্য চাল সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রক / উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরি) কর্তৃক যাচাইকৃত হতে হবে এবং সংগৃহীত চালের মৌসুম, গুণগতমান ও আদর্তা সু-স্পষ্টভাবে ইনভয়েসে উল্লেখ করতে হবে এবং সংশ্লিষ্ট জেখানি বিশেষ তদারকি/নজরদারিতে চাল প্রেরণ করতে হবে;
- ৩। প্রতি ট্রাক এ প্রেরিত চালের বিশ্লেষণ বিবরণীসহ নমুনা অবশ্যই যৌথ স্বাক্ষরে সিলগালা করে ঠিকাদার/প্রতিনিধির নিকট দিতে হবে;
- ৪। প্রেরক ও প্রাপক কেন্দ্রের সংশ্লিষ্ট সাইলো অধীক্ষক/জেলা খাদ্য নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (প্রযোজ্য ক্ষেত্রে) চাল পরিবহণ, বোঝাই ও খালাস কার্যক্রম তদারকি করবেন। কোথাও অনিয়ম/সমস্যা উভব হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং তরিত নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ খাদ্য অধিদপ্তরকে অবহিত করবেন;
- ৫। কীট আক্রান্ত কোন খাদ্যশস্য প্রেরণ করা যাবে না। এলএসডি/সিএসডি'র ওয়ারেন্টি মোতাবেক চাল প্রেরণ করতে হবে;
- ৬। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাতে হবে এবং এ বিষয়ে আখানি, জেখানি, সাইলো অধীক্ষক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সজাগ দৃষ্টি রাখবেন। উল্লেখ্য যে, সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথখাতে প্রদর্শন করা যাবে না;
- ৭। ভি-ইনভয়েসে চালের গুণগতমান ও ধরন সম্পর্কে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে;
- ৮। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুত পূর্বক ফ্যাক্স/ই-মেইল যোগে অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে;
- ৯। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক প্রতিস্বাক্ষরিত) ফ্যাক্সযোগে অধিদপ্তরে প্রেরণ করবেন;
- ১০। এ সূচি আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট অধীনস্থ জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/এসএন্ডএমও/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন;
- ১১। সূচির মেয়াদ আগামী ৩০/০৬/২০১৯ খ্রি: তারিখ পর্যন্ত বলবৎ থাকবে;
- ১২। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণসহ জরুরি বিবেচনায় পরবর্তীতে নতুন সূচি কিংবা সরকারি স্বার্থে আগ্রহী ঠিকাদারদের অনুকূলে উপ-সূচি জারি করা হবে।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।



১৬-৬-২০১৯

মোঃ সেলিমুল আজম
উপ-পরিচালক

বিতরণ :

- ১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী বিভাগ
- ২) জেলা খাদ্য নিয়ন্ত্রক, পাবনা, রাজশাহী।
- ৩) জেলা খাদ্য নিয়ন্ত্রক, জয়পুরহাট, রাজশাহী।
- ৪) জেলা খাদ্য নিয়ন্ত্রক, বগুড়া, রাজশাহী।


- ৫) জেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী।
 ৬) জেলা খাদ্য নিয়ন্ত্রক, নওগাঁ, রাজশাহী।
 ৭) জেলা খাদ্য নিয়ন্ত্রক, চাঁপাইনবাবগঞ্জ, রাজশাহী।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭.৩২১/১(১০)

তারিখ: ২ আষাঢ়. ১৪২৬
 ১৬ জুন ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৫) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর। (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ৭) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম বিভাগ
- ৮) জেলা খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম।
- ৯) ব্যবস্থাপক, দেওয়ানহাট সিএসডি, চট্টগ্রাম।
- ১০) ভারপ্রাপ্ত কর্মকর্তা, এলএসডি।



১৬ - ৬ - ২০১৯

মোঃ সেলিমুল আজম

উপ-পরিচালক